



## সমাজ ভিত্তিক জলাভূমি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প

কেইস-স্টাডি

# জলাভূমি সংরক্ষনে স্থানীয় সরকার কমিটি



স্থানীয় সরকার কমিটির মিটিং

বাংলাদেশের উত্তর সীমান্তে মাচের একটি স্থানীয় সরকার কমিটির সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা আবদুর রউফ, সভায় আগত বিনাইগাতি স্থানীয় সরকার কমিটির সদস্যদের উষ্ণ হেসে বললেন, “আমরা সবাই এখানে বন্ধু আমি মনে করি, মাচ একটি ভাল প্রকল্প এবং একে আমি সর্বাঙ্গিকভাবে সহায়তা করছি ”

মাচের অন্যান্য উপজেলার মত, মৎস্য ও পশু বিষয়ক মন্ত্রণালয় বিনাইগাতি উপজেলায়ও এই কমিটি গঠন করার অনুমতি দিয়েছেন, যেটি জলাভূমির উৎপাদনশীলতা পূর্বাবস্থায় ফিরিয়ে আনার জন্য সমন্বয় ও তত্ত্বাবধান করে থাকে এটি শুধুমাত্র সরকারী কর্মকর্তাদের একটি কমিটিই নয়, এতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (স্থানীয় সরকারের উচ্চ পদস্থ প্রশাসক) সভাপতিত্ব করেন, মৎস্য কর্মকর্তা মেম্বার-সেক্রেটারী এবং ইউনিয়ন পরিষদের সকল নির্বাচিত চেয়ারম্যানগণ এতে অর্ন্তভুক্ত এর সাথে ভোটিং মেম্বার হিসাবে জড়িত আছেন মাচ কর্তৃক সৃষ্ট সম্পদ ব্যবস্থাপনা সংগঠনের (Resource Management Organization or RMO) নেতাগণ প্রতি তিন মাস অন্তর কমিটিটি আরএমও এর পরিকল্পনা ও কার্যক্রম পর্যালোচনা করার জন্য এবং

### ১ স্থানীয় সরকার কমিটি

মাচ প্রকল্পের প্রচেষ্টায় স্থানীয় সরকারের সাথে সম্পদ ব্যবস্থাপনা সংগঠনগুলির আনুষ্ঠানিক সম্পর্ক তৈরী করল স্থানীয় সরকারসমূহ উপজেলা পর্যায়ে স্থাপন করা হয়েছে LGCএর চেয়ারম্যান এবং সদস্য সচিব যথাক্রমে নির্বাহী কর্মকর্তা ও মৎস্য উপজেলা কর্মকর্তা উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, UP চেয়ারম্যান এবং RMOএর নেতৃবৃন্দ এই LGCএর সদস্যবৃন্দ কমিটি প্রতি তিন মাস অন্তর সভায় ত্রৈমাসিক অধ্ববর্তী এবং পরিকল্পনা অনুমোদন করে



তাদের বিভিন্ন সমস্যা ও এর সমাধান নিয়ে আলোচনা করার জন্য একত্রিত হয় মোঃ নুরুজ্জামান, বাইশা বিলের আরএমও এর চেয়ারম্যান বলেন, “এখন আমরা নিয়মিতভাবে অফিসিয়াল ও পরামর্শকদের সাথে মুখোমুখি আলোচনায় বসি তারা আমাদের কথা শুনে এবং সমস্যাদি সমাধানের চেষ্টা করে থাকেন এখন আমরা সমাজে মর্যাদা অর্জন করেছি এবং প্রশাসনের কাছ থেকে সহযোগিতা পাওয়ার ব্যাপারে একটি পথ পেয়েছি ”

নিজেদের এলাকার জলাভূমি পূর্ববস্থায় ফিরিয়ে আনার মাধ্যমে কমিটির সদস্যরা স্থানীয়ভাবে স্বীকৃতি অর্জন করেছে তারা জলাভূমি পরিদর্শনে যান এবং আরএমও এর কর্মসূচীর মান নিরীক্ষণ করে থাকে যেমন- খনন কাজ এবং মাছের পোনা অবমুক্ত করা, পরিকল্পনাসমূহ বাস্তবায়িত হচ্ছে কি-না তা নিশ্চিত করে স্থানীয় সরকার জলাভূমিগুলোতে স্থানীয়দের মাছ ধরাও সরকারী জমিতে বৃক্ষ রোপনের সুযোগ তৈরী করেছে এবং জনগণের জায়গায় বৃক্ষ রোপনের উদ্দেশ্যে তারা সমাজের স্বার্থে আরএমওদের মাছ ধরার নিয়মগুলি কার্যকর করার জন্য সাহায্য করে থাকে

উপজেলা মৎস কর্মকর্তা বিল

পূর্ববস্থায় ফিরিয়ে আনার কাজ উদ্বোধন করছেন



এই উৎকৃষ্ট নিয়মগুলি চালু করা হয়েছে যেন প্রকল্প শেষে তা চালিয়ে যাওয়া হয় কেন্দ্রীয় সরকার এই কমিটিকে উপজেলা মৎস্য কমিটি হিসাবে নিয়মিতকরণের পরিকল্পনা অনুমোদন করেছে কমিটি আমেরিকান সাহায্য সংস্থা-এর সহায়তায় গঠিত আয়বিধায়ক তহবিল থেকে প্রাপ্ত বাৎসরিক সুদ বা লভ্যাংশের টাকা ব্যবহার করবে এই এককালীন তহবিলটি ক্ষুদ্র মাপের আবাসকে পূর্ববস্থায় ফিরিয়ে আনতে এবং জলাভূমির ব্যবস্থাপনার জন্য গঠিত হয়েছে ইতোমধ্যে ২০০৫ সালে আরএমওরা ক্ষুদ্র ক্ষুদ্র কাজের প্রস্তাবনা পেশ করেছে কমিটি সিদ্ধান্ত গ্রহণের জন্য এই প্রস্তাবনাসমূহ পর্যালোচনা করেছে এবং কিভাবে এর কাজের তত্ত্বাবধান করা যায় তা পরিকল্পনা করেছে ২০০৫ সালের কমিটি মিটিং এ বিনাইঘাতির ইউএনও জনাব স্বপন কুমার ঘোষ এই উদ্যোগটিকে স্বাগত জানান এবং কমিটিকে বলেন যে, “আমাদের এই তহবিল পরিচালনা করার চ্যালেঞ্জ গ্রহণ করতে হবে কারণ এটি বাংলাদেশের জন্য একটি নতুন ধারণা এবং আমাদের এই তহবিল বুদ্ধিমত্তার সাথে ব্যবহার করা নিশ্চিত করতে হবে ” একই ফোরামে আরএমও চেয়ারম্যান স্বস্তির নিঃশ্বাস ফেলেন কারণ মাছের প্রকল্প শেষেও তারা ভবিষ্যতে এই কাজের সাথে সংশ্লিষ্ট থাকতে পারবেন তারা এখন আত্মবিশ্বাসী যে, শুধু এখানে কিছু অর্থ থাকবে তা নয়, বরং সহ-ব্যবস্থাপনার মাধ্যমে তারা এবং স্থানীয় সরকার যৌথভাবে নিশ্চিত করবে যে সঠিক কাজে এই অর্থ ব্যয় হয় “স্থানীয় কমিউটির এই কাজের ভবিষ্যৎ এবং এই সংগঠনগুলির ভবিষ্যৎ এখন নিরাপদ ” বললেন আব্দুর রউফ, “আমরা যদি সকলে একসাথে কাজ করি তবে অবশ্যই আমরা সফল হব ”



**USAID**  
আন্তর্জাতিক উন্নয়নের পক্ষ থেকে

**Wi** WINROCK  
INTERNATIONAL



অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুন  
মাছ হেডকোয়ার্টার  
বাড়ি নং: ২, রোড নং: ২৩/এ  
গুলশান ১, ঢাকা ১২১২, বাংলাদেশ  
ফোন: ৮৮১৪৫৯৮, ৯৮৮৭৯৪৩  
ফ্যাক্স: (৮৮০-২) ৮৮২৬৫৫৬  
URL: www.machban.org